# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা ৩১/২০১৮-১৯**

**ঢাকা, রোববার ১২ আগস্ট ২০১৮, ২৮ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। শহীদ রমিজ উদ্দিন কলেজের কাছে আজ আন্ডারপাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী

২। বর্তমান সরকার মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিয়েছে : শিল্পমন্ত্রী

৩। মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের গ্রাম ঘুরে দেখলেন পররাষ্ট্রমন্ত্রী
রোহিঙ্গা প্রত্যাবাসনে আট সিদ্ধান্ত : হটলাইন চালু করবে দু'দেশ

৪। ভিডিও ফুটেজ দেখে সাংবাদিক নির্যাতনকারীদের খুঁজে বের করার নির্দেশ স্বরাষ্ট্রমন্ত্রীর

৫। ঈদে ট্রাকে যাত্রী বহন নিষিদ্ধ : সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সিদ্ধান্ত

৬। নিরাপদ সড়কের সব দাবি মেনে নিয়েছে সরকার : কুষ্টিয়ায় তথ্যমন্ত্রী

৭। প্রধানমন্ত্রী ৫ সেপ্টেম্বর মাওয়ায় পদ্মাসেতুর রেল সংযোগের ফলক উন্মোচন করবেন : মুন্সীগঞ্জে রেলমন্ত্রী

৮। সার্ক অঞ্চলের অগ্রগতিতে বিদ্যুৎবাণিজ্য অপরিসীম অবদান রাখবে : কাঠমান্ডুতে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। ট্রাফিক সপ্তাহ আরও তিন দিন বাড়ানোর ঘোষণা দিলেন ডিএমপি কমিশনার

১০। জাতীয় চাঁদ দেখা কমিটির সভা আজ

১১। আরিফুল হক সিলেটের মেয়র পুনর্নির্বাচিত

১২। পোশাক রফতানিতে বাংলাদেশ দ্বিতীয় অবস্থানে : ডব্লিউটিও'র প্রতিবেদন

চলমান পাতা-২

১। **শহীদ রমিজ উদ্দিন কলেজের কাছে আজ আন্ডারপাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (**১২** আগস্ট রোববার) বিমানবন্দর সড়কে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজের নিকট আন্ডারপাস নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সকাল **১০**টায় প্রধানমন্ত্রী এ আন্ডারপাস নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

২। **বর্তমান সরকার মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিয়েছে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, বর্তমান সরকার স্বাস্থ্যসেবাসহ মানুষের মৌলিক অধিকার পূরণে সর্বদা সচেষ্ট। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কমিউনিটি ক্লিনিক চালু করে মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিয়েছেন। গতকাল (**১১** আগস্ট শনিবার) ঝালকাঠি সদর হাসপাতাল **১**শ' থেকে ২৫০ শয্যায় উন্নীতকরণ উপলক্ষে হাসপাতাল চত্বরে ছয়তলা নতুন ভবন নির্মাণকাজের ফলক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.৬), **সমকাল** (পৃ.১৯,ক.১)।

৩। **মিয়ানমারের রাখাইনে রোহিঙ্গাদের গ্রাম ঘুরে দেখলেন পররাষ্ট্রমন্ত্রী**
**রোহিঙ্গা প্রত্যাবাসনে আট সিদ্ধান্ত : হটলাইন চালু করবে দু'দেশ**

মিয়ানমারে নির্যাতনের মুখে বাংলাদেশে আশ্রয় নেওয়া লাখ লাখ রোহিঙ্গার আদি আবাসস্থল রাখাইনরাজ্যের বিভিন্ন গ্রাম ঘুরে দেখেছেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী। গতকাল (**১১** আগস্ট শনিবার) পররাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল রাখাইনের মংডুতে যান। রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে সহায়ক পরিবেশ সৃষ্টির জন্য মিয়ানমারের নেওয়া পদক্ষেপসমূহ দেখেন তাঁরা। পররাষ্ট্রসচিব এম শহীদুল হক ও জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের কয়েকজন সদস্য রাখাইন পরিদর্শনকালে পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ছিলেন।

এদিকে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে হটলাইন চালু করতে সম্মত হয়েছে বাংলাদেশ ও মিয়ানমার সরকার। গত ১০ আগস্ট শুক্রবার মিয়ানমারের রাজধানী নেপিডোর থিনগাহা হোটেলে রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়ে বাংলাদেশ-মিয়ানমার বৈঠকে এ সিদ্ধান্ত হয়। বৈঠকে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী, ইউনিয়ন মিনিস্টার থিইন সু এবং উভয়দেশের সংশ্লিষ্ট কর্মকর্তারা অংশ নেন। রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়ে বৈঠকে দুই দেশ আটটি পয়েন্টে সিদ্ধান্ত গ্রহণ করেছে। দেশটির স্টেট কাউন্সিলর কার্যালয় থেকে শুক্রবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৪)।

৪। **ভিডিও ফুটেজ দেখে সাংবাদিক নির্যাতনকারীদের খুঁজে বের করার নির্দেশ স্বরাষ্ট্রমন্ত্রীর**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সড়ক দুর্ঘটনারোধে চালকের দক্ষতার যেমন প্রয়োজন আছে, তেমনি জনসচেতনতাও দরকার। এছাড়া সাংবাদিক নির্যাতন প্রসঙ্গে তিনি বলেন, ভিডিও ফুটেজগুলো দেখে এবং তদন্ত করে সাংবাদিকদের ওপর যারা নির্যাতন কিংবা নিপীড়ন করেছে তাদের খুঁজে বের করতে ইতোমধ্যে আইনশৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (**১১** আগস্ট শনিবার) কুমিল্লার বুড়িচং উপজেলার আগানগর এলাকায় নবনির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের উদ্বোধনশেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

৫। **ঈদে ট্রাকে যাত্রী বহন নিষিদ্ধ : সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সিদ্ধান্ত**

সড়ক দুর্ঘটনা এড়াতে আসন্ন কোরবানির ঈদের সময় পশুবাহী ট্রাকে যাত্রী পরিবহণে নিষেধাজ্ঞা জারি করেছে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়। একইসঙ্গে যানজট নিয়ন্ত্রণে ঈদের আগে ৭ দিন ও ঈদের পর ৭ দিন সুনির্দিষ্ট আগাম তথ্য ছাড়া আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে মহাসড়কে যানবাহন না থামানোর অনুরোধও জানানো হয়েছে। এছাড়া ঈদের আগের ৩ দিন মহাসড়কে ট্রাক, কাভার্ডভ্যান ও লরি চলাচল বন্ধ থাকবে। ঈদযাত্রা নির্বিঘ্ন করতে মোট ৩৩টি সিদ্ধান্ত নিয়েছে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭)।

৬। **নিরাপদ সড়কের সব দাবি মেনে নিয়েছে সরকার : কুষ্টিয়ায় তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, শিক্ষার্থীদের নিরাপদ সড়কের সব দাবি মেনে নিয়ে সরকার তা বাস্তবায়ন করছে। গতকাল (১১ আগস্ট শনিবার) কুষ্টিয়ার ভেড়ামারায় বৃক্ষমেলা উদ্বোধনের আগে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। তিনি আরও বলেন, শিক্ষার্থীদের আন্দোলনের সময় আহত সাংবাদিকদের চিকিৎসার ব্যয় বহন করছে সরকার। দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে। দুর্বৃত্তদের শীঘ্রই গ্রেফতার করে কঠিন সাজা দেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৭। **প্রধানমন্ত্রী ৫ সেপ্টেম্বর মাওয়ায় পদ্মাসেতুর রেল সংযোগের ফলক উন্মোচন করবেন : মুন্সীগঞ্জে রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মুজিবুল হক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৫ সেপ্টেম্বর মাওয়ায় পদ্মাসেতুর রেলসংযোগের ফলক উন্মোচন করবেন। তিনি বলেন, পদ্মাসেতুর বাস্তবায়ন নিয়ে অনেকেই সন্দেহ প্রকাশ করেছিলেন। কিন্তু প্রধানমন্ত্রী এতটাই দৃঢ়প্রত্যয়ী ছিলেন যে, নিজ অর্থায়নে পদ্মাসেতু আজ দৃশ্যমান করিয়েছেন। এখন পদ্মাসেতুর ওপর দিয়ে রেলসংযোগের উদ্বোধন করবেন তিনি। গতকাল (১১ আগস্ট শনিবার) পদ্মাসেতু এলাকা পরিদর্শনশেষে এসব কথা বলেন মন্ত্রী। এ সময় তিনি ঢাকা-মাওয়া মহাসড়কের টোল প্লাজা ও চারলেনের কাজের অগ্রগতি ঘুরে দেখেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৪), **ইনকিলাব** (পৃ.৮,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

৮। **সার্ক অঞ্চলের অগ্রগতিতে বিদ্যুৎবাণিজ্য অপরিসীম অবদান রাখবে : কাঠমান্ডুতে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে বিদ্যুৎবাণিজ্য সার্ক আঞ্চলের অগ্রগতিতে অপরিসীম অবদান রাখবে। গত ১০ আগস্ট শুক্রবার নেপালের কাঠমান্ডুতে 'বাংলাদেশ ও নেপাল বিদ্যুৎখাতের সহযোগিতার মিথস্ক্রিয়া' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নেপালের এনার্জি ডেভেলপমেন্ট কাউন্সিল ও ইন্ডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসার অ্যাসোসিয়েশন, নেপালে বাংলাদেশ দূতাবাস এ সেমিনারের আয়োজন করে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.২)।

৯। **ট্রাফিক সপ্তাহ আরও তিন দিন বাড়ানোর ঘোষণা দিলেন ডিএমপি কমিশনার**

ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, শিক্ষার্থীদের যৌক্তিক আন্দোলন ভিন্নখাতে প্রবাহিত করতে চেয়েছিল একটি স্বার্থান্বেষী মহল। গুজব ছড়িয়ে তারা দেশকে অশান্ত করার চেষ্টা করেছিল। গতকাল (১১ আগস্ট শনিবার) ডিএমপি মিডিয়া সেন্টারে ট্রাফিক সপ্তাহ নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। ট্রাফিক সপ্তাহের সুফল পাওয়ার কথা জানিয়ে তিনি এ কর্মসূচি আরও তিন দিন বাড়ানোর ঘোষণা দেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫)।

১০। **জাতীয় চাঁদ দেখা কমিটির সভা আজ**

আসন্ন পবিত্র ঈদুল আজহার তারিখ নির্ধারণ ও জিলহজ মাসের চাঁদ দেখার সংবাদ পর্যালোচনা এবং এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আজ (১২ আগস্ট রোববার) জাতীয় চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হবে সন্ধ্যা সোয়া সাতটায়। ইসলামিক ফাউন্ডেশনের বায়তুল মোকাররম সভাকক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন ধর্মমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি অধ্যক্ষ মতিউর রহমান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

১১। **আরিফুল হক সিলেটের মেয়র পুনর্নির্বাচিত**

সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে আরিফুল হক চৌধুরী বেসরকারিভাবে বিজয়ী হয়েছেন। গতকাল (১১ আগস্ট শনিবার) স্থগিত দু'টি কেন্দ্রে পুনরায় ভোট গ্রহণের পর ফলাফলে তিনি বিজয়ী হন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**১২। পোশাক রফতানিতে বাংলাদেশ দ্বিতীয় অবস্থানে : ডব্লিউটিও'র প্রতিবেদন**

একক দেশ হিসেবে ২০১৭ সালে বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ পোশাক রফতানিকারক দেশ হিসেবে তাঁর অবস্থান ধরে রেখেছে। তবে ইইউ জোট হিসাবে নিলে বাংলাদেশের অবস্থান তৃতীয়। সব মিলিয়ে গত বছর বিশ্বের মোট রফতানিকৃত পোশাকের ৬ দশমিক ৫ শতাংশ বাংলাদেশের। ২০১৬ সালে যা ছিল ৬ দশমিক ৪ শতাংশ। চীন পোশাক রফতানিতে শীর্ষস্থান ধরে রেখেছে। বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও'র)'ওয়ার্ল্ড ট্রেড স্ট্যাটিসটিক্স রিভিউ ২০১৮' শীর্ষক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা যায়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** দেশে ৪০ হাজারের বেশি অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং কারখানা গড়ে উঠেছে যাতে প্রত্যক্ষভাবে ছয় লাখ মানুষের কর্মসংস্থান হয়েছে এবং পরোক্ষভাবে ৬০ লাখ মানুষ জড়িত রয়েছে উল্লেখ করে সম্ভাবনাময় এ খাতের অগ্রগতি অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর :** ভর্তি হওয়ার পর সিট না পাওয়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একটি হলের গণরুমে প্রথম বর্ষের অনেক শিক্ষার্থী গাদাগাদি করে অবস্থান করছেন-এ চিত্র এক পত্রিকায় প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের নবীনদের এ ধরনের মানবেতর জীবনের প্রতি সহানুভূতি দেখিয়ে নতুন আবাসনস্থল নির্মাণের ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** মেশিন অকেজো হয়ে পড়ায় এবং দক্ষ লোকবলের অভাবে স্মার্টকার্ড তৈরি প্রায় বন্ধের পথে উল্লেখ করে দেশের প্রাপ্তবয়স্ক সব নাগরিকের স্মার্টকার্ড প্রাপ্তি নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ইনকিলাব :** আসন্ন ঈদের আগেই দেশের বেহাল সড়ক-মহাসড়কগুলো সংস্কারের সুপারিশ।

ঙ. **নিউজ টুডে:** সড়ক দুর্ঘটনা রোধ করে নিরাপদ সড়ক নিশ্চিত করতে দক্ষ ও প্রশিক্ষিত চালক নিয়োগের পাশাপাশি কঠোর আইন প্রয়োগের সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট:** প্রতি ঘন্টায় ২৮ জন করে বাংলাদেশে প্রতিবছর আড়াই লাখ মানুষ ধূমপানজনিত কারণে মারা যায়, বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক রিপোর্টে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে ধূমপানের কুফল হতে শিশুসহ সবাইকে সুরক্ষার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বন্যা, খরা, অতিবৃষ্টি, অসময়ে বৃষ্টি-এসব প্রাকৃতিক দুর্যোগ থেকে বাংলাদেশের কৃষিকে অনেকখানি মুক্তি দিয়েছে উচ্চফলনশীল বোরো ধান।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'যুবসমাজকে এগিয়ে নিতে পারে নিরাপদ পরিবেশ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক-সবক্ষেত্রেই নিরাপদ পরিসর নিশ্চিতকরণ একটি সমৃদ্ধ যুবসমাজ তৈরির পথ সুগম করবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা